

💵 কসর ও জমা করে সালাত আদায় সম্পর্কে কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ মুসাফিরের সালাত ও অন্যান্য বিধি-বিধান নিয়ে কিছু প্রশ্নোত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১৯ মুসাফির তার সালাত কখন জমা করা শুরু করতে পারবে?

যখন মুসাফির তার নিজের স্থানে থাকবে তখন যদি তার সালাতের সময় হয়ে যায়, তখন তার জন্য কসর করা বৈধ হবে না। অনুরূপভাবে জমাও করতে পারবে না, তবে যদি সে ভয় করে যে এ অবস্থায় বের হয়ে পড়লে দিতীয় সালাতের ওয়াক্ত পার হয়ে যাবে, সে সেটাকে তার সময়মত আদায় করতে পারবে না, বা সালাত আদায়ের জন্য অবতরণ করতে পারবে না, যেমন কেউ যোহরের সালাতের সময় বিমানের সফর করল, বা আন্তজেলা গাড়ীতে ভ্রমণ শুরু করল, এমতাবস্থায় তার জন্য বৈধ রয়েছে আসরকে কোনো প্রকার কসর ব্যতীতই যোহরের সাথে আদায় করে নেওয়া। (অর্থাৎ তখন যোহরের সাথে আসরকে চার রাকা'আত পড়ে নিবে)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7316

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন